Ethical Trading Initiative
Respect for workers worldwide

# ই.টি.আই বেস কোড

## 1. চাকরী স্বাধীনভাবে বেছে নেওয়া হয়

1.1 কোন জোর করে, দাসত্বজনিত বা কারাগারে ইচ্ছার বিরুদ্ধে শ্রম করতে হয় না।

1.2 কর্মীদের কোন “আমানত” বা তাদের পরিচয়জ্ঞাপক কাগজ তাদের নিয়োগকর্তাদের কাছে জমা রাখতে হয় না এবং সঙ্গত নোটিশ দেওয়ার পরে তারা স্বেচ্ছায় তাদের কাজ ছেড়ে দিতে পারে।

## 2. কোন অ্যাসোসিয়েশনে যোগ দেওয়ার স্বাধীনতা ও একজোট হয়ে দর কষাকষির অধিকারের সম্মান করা হয়

2.1 কোন পার্থক্য ছাড়াই শ্রমিকদের তাদের নিজেদের পছন্দমত ট্রেড ইউনিয়নে যোগ দেওয়া বা তা শুরু করার ও একজোট হয়ে দর কষাকষি করার অধিকার আছে।

2.2 নিয়োগকর্তা ট্রেড ইউনিয়নগুলির কাজকর্ম ও তাদের প্রাতিষ্ঠানিক ক্রিয়াকলাপগুলির বিষয়ে খোলা মনোভাব গ্রহণ করেন।

2.3 কর্মীদের প্রতিনিধিদের বিরুদ্ধে কোন বৈষম্যমূলক আচরণ করা হয় না এবং এবং কাজের জায়গায় তাদের প্রতিনিধিত্বমূলক কাজ করার জন্য সুবিধা তাদের থাকে।

2.4 যেখানে কোন আসোসিয়েশনে যোগ দেওয়ার স্বাধীনতা ও একজোট হয়ে দর কষাকষির অধিকার আইন অনুযায়ী নিয়ন্ত্রিত, নিয়োগকর্তা স্বাধীন ও মুক্ত অ্যাসোসিয়েশন ও দর কষাকষির কোন সমান্তরাল উপায় তৈরীর সুযোগ করে দেবেন এবং তাতে বাধার সৃষ্টি করবেন না।

## 3. কাজের পরিস্থিতিগুলি নিরাপদ ও স্বাস্থ্যবিধিসম্মত হবে

3.1 শিল্পটির বিষয়ে বিদ্যমান জ্ঞান ও তার কোন বিশেষ ঝুঁকিগুলির কথা মনে রেখে এক নিরাপদ ও স্বাস্থ্যবিধিসম্মত কাজের পরিবেশ প্রদান করা হবে। কাজের পরিবেশে অন্তর্নিহিত ঝুঁকিগুলির কারণগুলি যথাসম্ভবভাবে কমিয়ে কাজের সময়ে

এমন কোন দুর্ঘটনা ও কোন স্বাস্থ্যজনিত আঘাত এড়ানোর জন্য যথাযথ পদক্ষেপ নেওয়া হবে, যা কাজের দরুণ, তার সংশ্লিষ্ট বা তার কারণে হতে পারে।

3.2 কর্মীরা নিয়মিত ও রেকর্ড করা স্বাস্থ্য ও নিরাপত্তার প্রশিক্ষণ পাবেন, এবং নতুন বা আবার কাজে লাগানো কর্মীদের জন্য এই প্রশিক্ষণ পুনরায় করা হবে।

3.3 পরিষ্কার শৌচাগার ব্যবস্থা ও পানীয় জল ব্যবহারের সুবিধা দেওয়া হবে, এবং যথাযথ হলে খাদ্য সংরক্ষণের জন্য স্বাস্থ্যবর্ধক ব্যবস্থা প্রদান করা হবে।

3.4 যখন বাসস্থান দেওয়া হবে, তখন তা পরিষ্কার, নিরাপদ হবে এবং কর্মীদের সাধারণ প্রয়োজন মেটাবে।

3.5 যে কোম্পানিটি কোডটি মেনে চলবে তারা পরিচালন গোষ্ঠীর এক উর্ধতন প্রতিনিধিকে স্বাস্থ্য ও নিরাপত্তার দায়িত্ব দেবে।

## 4. শিশু শ্রম ববহার করা হবে না

4.1 কোন নতুন শিশু শ্রমিক নিয়োগ করা হবে না।

4.2 কোম্পানিরা সেই নীতি ও কর্মসূচীগুলি তৈরী করবে বা তাতে অংশগ্রহণ করবে এবং অবদান রাখবে যেগুলিতে কোন শিশুকে যদি শিশু শ্রম করতে দেখা যায় তাহলে তাকে শিশু থেকে বড় হওয়া পর্যন্ত শিক্ষালাভ করা ও উচ্চ গুণমানের শিক্ষালাভ বজায় রাখতে সমর্থ করবার ব্যবস্থা করবে। “শিশু” ও “শিশু শ্রম”-এর সংজ্ঞা পরিশিষ্টে দেওয়া আছে।

4.3 শিশু ও বছরের 18 কম বয়সী অল্পবয়স্ক ব্যক্তিদের ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে রাতে নিয়োগ করা হবে না।

4.4 এই নীতি ও পদ্ধতিগুলি সংশ্লিষ্ট আই.এল.ও মানদণ্ডগুলির ধারাগুলি অনুযায়ী হবে।

## 5. বাস করার মত মজুরি দেওয়া হবে

5.1 এক সাধারণ কাজের সপ্তাহে যা মজুরি এবং সুযোগসুবিধা দেওয়া হবে তা ন্যুনতমভাবে জাতীয় আইনি মানদণ্ড বা শিল্পটির স্থির করা মানদণ্ডগুলির মধ্যে যেটি অধিকতর হবে অন্তত সেটির সমান হবে। যে কোন অবস্থাতেই মূল প্রয়োজনগুলি মেটাতে এবং কিছু স্বেচ্ছার অধীনে খরচ করা যায় এমন আয় দিতে মজুরি সবসময়েই যথেষ্ট হবে।

5.2 তারা চাকরীতে নিয়োগ হওয়ার আগে সকল কর্মীদের তাদের মজুরির বিষয়ে চাকরীর শর্তগুলির বিষয়ে এবং প্রত্যেক বার তাদের মজুরি মেটানোর সময় তাদের সেই অর্থ মেটানোর সময়কালের মজুরির বিষয়ে লিখিতভাবে ও অনুধাবনযোগ্য তথ্য দেওয়া হবে।

5.3 শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে মজুরি থেকে অর্থ কেটে নেওয়ার অনুমতি দেওয়া হবে না বা জাতীয় আইন অনুযায়ী না হলে সংশ্লিষ্ট কর্মীর স্পষ্ট অনুমতি ছাড়া মজুরি থেকে কোন অর্থ বাদ দেওয়া যাবে না। সব শাস্তিমূলক ব্যবস্থা রেকর্ড করা হবে।

## 6. কাজ করার ঘন্টা খুব বেশি নয়

6.1 কাজ করার সময় জাতীয় আইন, একজোট হয়ে করা চুক্তি, এবং নিচের 6.2 থেকে 6.6-এর ধারাগুলির মধ্যে যেটি কর্মচারীদের বেশি সুরক্ষা প্রদান করে, তা অনুযায়ী হবে। উপধারা 6.2 থেকে 6.6 আন্তর্জাতিক শ্রম মানের উপর ভি‌ি‌ত্ত করে করা হয়েছে।

6.2 ওভারটাইম বাদ দিয়ে কাজের সময় চুক্তি অনুযায়ী সংজ্ঞায়িত হবে, এবং সপ্তাহে 48 ঘন্টার বেশি হবে না।*

6.3. সব ওভারটাইম স্বেচ্ছাধীন হবে। ওভারটাইম দায়িত্বের সাথে ব্যবহার করতে হবে, এবং নিম্নলিখিত সবকটি বিষয় বিবেচনা করে করতে হবে: ব্যক্তিবিশেষ কর্মী এবং সমগ্র কর্মীদলের কাজ করার পরিধি, তা কত ঘন ঘন এবং কত ঘন্টা কাজ করা হয়। এটি নিয়মিত চাকরির বদলে ব্যবহার করার চলবে না। ওভারটাইমের জন্য সাধারণের চেয়ে বেশি হারে মজুরি দিতে হবে, যা সাধারণ মজুরির হারের 125%–র কম না হওয়ার জন্য পরামর্শ দেওয়া হয়।

6.4. প্রতি সাত দিনের সময়কালে কাজ করা মোট ঘন্টার পরিমাণ 60 ঘন্টার বেশি হতে পারবে না, এর ব্যতিক্রম হবে যেখানে তা ধারা 6.5-এর অঅওতাভুক্ত হবে।

6.5. কাজের ঘন্টা কোন সাত দিনের সময়কালে 60-এর বেশি হতে পারে, কিন্তু তা হবে শুধু সেই ব্যতিক্রমী পরিস্থিতিতে যেখানে নিম্নলিখিতগুলি মেটানো যাবে:

- এটি করতে জাতীয় আইন অনুমতি দেয়;
- এটি করতে সমবেত চুক্তি অনুমতি দেয়, যা কোন কর্মীদের ইউনিয়নের সাথে দর কষাকষি করে স্থির করা হয়েছে যারা কর্মীবৃন্দের এক অর্থপূর্ণ সংখ্যার প্রতিনিধিত্ব করেন;

- কর্মীদের স্বাস্থ্য ও নিরাপত্তা রক্ষা করার জন্য যথাযথ পদক্ষেপ নেওয়া হয়েছে; এবং
- নিয়োগকর্তা এটি প্রদর্শন করতে পারেন যে ব্যতিক্রমী পরিস্থিতি প্রযোজ্য হবে যেমন অপ্রত্যাশিত বেশি উত্পাদন, দুর্ঘটনা বা আপত্কালীন সময়।

6.6 কর্মীদের প্রত্যেক সাত দিনের সময়কালে অন্তত এক দিন ছুটি দিতে হবে, অথবা, যেখানে জাতীয় আইন অনুমতি দেয়, প্রত্যেক 14 দিন সময়কালে দুই দিন ছুটি দিতে হবে।

* আন্তর্জাতিক মানগুলি সুপারিশ করে যে কাজের সাধারণ ঘন্টা ক্রমাগত কমানো হয়, সপ্তাহে 40 ঘন্টা পর্যন্ত, কাজের ঘন্টা কমানোর সাথে সাথে কর্মীদের মজুরি না কমিয়ে।

## 7. কোন বৈষম্য করা হয় না

7.1 নিয়োগ করা, মজুরি, প্রশিক্ষণের সুযোগ, পদোন্নতি, ছাঁটাই বা অবসরের বিষয়ে জাতি, জাত, জাতীয় পটভূমি, ধর্ম, বয়স, প্রতিবন্ধকতা, লিঙ্গ, বৈবাহিক পরিস্থিতি, যৌন প্রবণতা, ইউনিয়নের সদস্যতা বা রাজনৈতিক ধ্যানধারণার ভিত্তিতে কোন বৈষম্য করা হবে না।

## 8. নিয়মিত চাকরী প্রদান করা হয়

8.1 যতদূর সম্ভব যে কাজগুলি করা হবে তা অবশ্যই স্বীকৃত চাকরীর সম্পর্ক অনুযায়ী করতে হবে যা জাতীয় আইন এবং প্রচলনের মাধ্যমে স্থির করতে হবে।

8.2 শুধু শ্রমের চুক্তি, সাব-কন্ট্রাক্ট করা, বাসায় থেকে কাজ করার ব্যবস্থা, বা শিক্ষানবীশি কর্মসূচীর মাধ্যমে নিয়মিত চাকরীর সম্পর্ক থেকে উদ্ভূত শ্রম বা সোশাল সিকিউরিটি আইন বা নিয়মাবলী অনুযায়ী কর্মীদের প্রতি দায়দায়িত্বের অবহেলা করা যাবে না, যেখানে দক্ষতা প্রদান বা নিয়মিত চাকরী দেওয়ার কোন আসল উদ্দেশ্য নেই। এছাড়া স্থির-সময়ের চাকরীর চুক্তির অত্যধিক ব্যবহারের মাধ্যমেও এই ধরণের দায়দায়িত্ব এড়ানো যাবে না।

## 9. কোন কঠোর বা মনুষ্যত্বহীন আচরণের অনুমতি নেই

9.1 শারীরিক নির্যাতন বা শাসন, শারীরিক নির্যাতনের ভয় দেখানো, যৌন বা অন্য হয়রানি এবং মৌখিক গালিগালাজ বা অন্য কোনভাবে ভয় দেখানো নিষিদ্ধ করা হবে।

এই কোডের ধারাগুলি ন্যূনতম মানদণ্ডগুলি নির্ণয় করে, উচ্চতম মানদণ্ডগুলি নয়, এবং এই কোডগুলির ব্যবহার কোম্পানিগুলিকে এই মানদণ্ডগুলিকে ছাপিয়ে যাওয়ায় বাধা সৃষ্টি জন্য করা উচিত নয়। যে কোম্পানিরা এই কোডটির প্রয়োগ করবে তারা জাতীয় এবং অন্যান্য প্রযোজ্য আইন মেনে চলবে এই প্রত্যাশা করা হয়, এবং যেখানে এই আইনের বিধিগুলি এবং এই বেস কোড একই বিষয়ে হয়, সেই বিধিটি ব্যবহার করবে যেটিতে আরো বেশি সুরক্ষা প্রদান করা যাবে।

*Note:* We have made every effort to ensure that the translations of the ETI Base Code and Principles of Implementation are as complete and accurate as possible. However, please note that in both cases it is the English language documents which should be treated as the official versions.